

প্রাক্কথন

কর্মসূত্রে আলিপুরদুয়ারের শিলবাড়ীহাট উচ্চমাধ্যমিক বিদ্যালয়ে নিযুক্ত হওয়ার পরে ছাত্র-ছাত্রীদের পড়ানোর সুবাদে কাজী নজরুল ইসলাম সম্পর্কে জানার আগ্রহ জন্মায়। কাজী নজরুল ইসলাম সম্পর্কে গভীর জ্ঞান আমার ছিল না। কিন্তু ছাত্র-ছাত্রীদের পড়াতে পড়াতে নজরুল সম্পর্কে আমি আকৃষ্ট ও অনুসন্ধিৎসু হয়ে পড়ি। বিদ্যালয়ের গ্রন্থাগারে গিয়ে মাঝে-মাঝেই নজরুলের রচনাবলী নিয়ে পড়াশুনা করি। তারপর আমি সিদ্ধান্ত গ্রহণ করি নজরুলের গদ্যরচনার প্রতি অধ্যয়ন করলে হয়তো নতুন কিছু তথ্য তুলে ধরা যাবে। কারণ নজরুলের কাব্য সাহিত্য নিয়ে অনেক প্রখ্যাত সাহিত্যিকগণ তাঁদের মূল্যবান বক্তব্য তুলে ধরেছেন। কিন্তু নজরুলের গদ্যরচনা নিয়ে খুব বেশি আলোচনা হয়নি। সেই ভাবনাতেই আমি আমার গবেষণাকর্মটির সূত্রপাত করি।

আমার গবেষণা এবং পরিকল্পনায় প্রতিটি পদক্ষেপে পরামর্শ দিয়ে দিক নির্দেশ করেছেন উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের প্রফেসর, ও আমার পি.এইচ.ডি. সন্দর্ভের তত্ত্বাবধায়ক মাননীয় অধ্যাপক ড. সুবোধকুমার যশ মহাশয়। আমি তাঁর কাছে চিরকৃতজ্ঞ। গবেষণাপর্বে গুরুত্বপূর্ণ উপদেশ ও পরামর্শ দিয়ে সাহায্য করেছেন প্রফেসর মীর রেজাউল করিম মহাশয় (বাংলা বিভাগ, আলিয়া বিশ্ববিদ্যালয়), প্রফেসর ড. মঞ্জুলা বেরা মহাশয় (বাংলা বিভাগ, উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়), প্রফেসর উৎপল মন্ডল মহাশয় (বাংলা বিভাগ, উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়), অধ্যাপক বিকাশ পাল (বাংলা বিভাগ, উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়), অধ্যাপক সুধীর বিষ্ণু মহাশয় (বাংলা বিভাগ, আলিপুরদুয়ার মহাবিদ্যালয়), অধ্যক্ষ মৃগাল কান্তি চট্টোপাধ্যায় মহাশয় (কান্দরা রাধাকান্ত কুন্ডু মহাবিদ্যালয়), রায়গঞ্জ ইউনিভার্সিটির উপাচার্য মাননীয় অনিল ভূঁইমালী মহাশয়, প্রফেসর দীপক কুমার রায় (বাংলা বিভাগ, রায়গঞ্জ ইউনিভার্সিটি) প্রমুখ।

উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের প্রফেসর নিখিলেশ রায়, গৌড়বঙ্গ বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক বাদল সরকার এবং শিলবাড়ীহাট উচ্চমাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক শ্রী ননীগোপাল রায় মহাশয় আমার গবেষণাকর্মকে সম্পূর্ণ করার জন্য সর্বদা সন্মোহে তাগাদা দিয়েছেন। এছাড়া শিলবাড়ীহাট উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকা গণের সহযোগিতা অনস্বীকার্য। আমার অনুজ শিক্ষক সীমান্ত দেবনাথ প্রায়ই খবর নিতেন। তাঁদের প্রেরণা আমার কাছে স্মরণীয় হয়ে থাকবে। শিলবাড়ীহাট উচ্চমাধ্যমিক বিদ্যালয়ের গ্রন্থাগারিক শ্রী দিলীপ পাল মহাশয় এবং কান্দরা রাধাকান্ত কুন্ডু মহাবিদ্যালয়ের গ্রন্থাগারিক শ্রী রণবীর মন্ডল মহাশয় বিভিন্ন সময় বিভিন্ন বই দিয়ে সহযোগিতা করেছেন তা বিশেষভাবে স্মরণীয়।

বিশেষভাবে উল্লেখ করি আমার মা এবং বাবা তাঁরা আমায় শুধু অনুপ্রেরণা দেয়নি, দিয়েছেন কর্মযজ্ঞে সফলতার লক্ষ্যে ধাবিত হওয়ার সাহস ও শক্তি। সর্বদা সাহস জুগিয়েছেন আমার স্বশুরমশাই স্বর্গীয় রাধা বিনোদ রক্ষিত মহাশয়।

গবেষণাকর্ম হয়তো সমাপ্ত করতে পারতাম না। তার প্রতি আমার কৃতজ্ঞতা রইল।

সবশেষে অশেষ ধন্যবাদ জানাই মুদ্রক সাহা গ্রাফিক্স শ্রী বিশ্বজিৎ সাহা (টপ্পা) এবং বর্গসংস্থাপক রাজু ঘোষ কে। তারা অক্লান্ত পরিশ্রম করে আমার গবেষণার কাজকে সম্পূর্ণ করতে সাহায্য করেছেন।

বিনীত
গৌতম মন্ডল